মেহেরপুরের আমঝুপিতে বোনের মৃত্যুর শোকে বড় ভাইয়ের মৃত্যু

বোন নবীছন নেছার মৃত্যুর ১৭ ঘন্টা পর মারা গেলেন তার বড় ভাই সুন্নত আলী।
ঘটনাটি মেহেরপুৃর সদর উপজেলার আমঝুপি গ্রামের পূর্বপাড়া এলাকার।

স্থানীয়রা জানান, বিগত ৫ রমজানের দিনে নবীছন নেছা ঘরে লেম্প জালাতে গিয়ে অগ্নিদগ্ধ হন। তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। কিছুদিন চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছিলেন তিনি। অবশেষে গতকাল মঙ্গলবার (২ মে) সকাল ৮ টার সময় মারা যান তিনি। বিকালে দফন শেষ করে এসে ভাই সুন্নত আলী অসুস্থ হয়ে পড়েন। পরে মঙ্গলবার (২ মে) দিবাগত রাত তিনটার দিকে নিজ বাড়িতে মারা যান তিনি।

সুন্নত আলী স্থানীয় মসজিদের মুয়াজ্জিনের দায়ীত্ব পালন করতেন। সে ওই গ্রামের মৃত জাহিদ শেখের ছেলে।
কয়েক ঘন্টার ব্যবধানে ভাই বোনের মৃত্যু নিয়ে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

গাংনীতে বাবার মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে মেয়ের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে বাবার মোটরসাইকেল থেকে রাস্তায় ছিটকে পড়ে বেবী (৩৫) নামে এক নারীর মৃত্যু হয়েছে। শুক্রবার (৭ এপ্রিল) ভোর ৬টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার চোখতোলা নামক স্থানে এই দুর্ঘটনা ঘটে।

নিহত বেবী উপজেলার রায়পুর গ্রামের (ভারত প্রবাসী) তুষার আলীর

স্ত্রী ও একই গ্রামের রাহিম উদ্দিন ওরফে জুলহাসের মেয়ে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক এম কে রেজা মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, মাথার পিছনের অংশ মারাত্মক জখম হওয়ার ফলে ক্রমাগত রক্তক্ষরণ হয়। যার ফলে তিনি হাসপাতালে আসার পূর্বে মারা গেছে।

ঘটনার প্রত্যক্ষদর্শী জোড়পুকুরিয়া গ্রামের ইয়ার আলীর স্ত্রী ফেলুজান জানান, শুক্রবার ভোর বেলার দিকে বেবীকে নিয়ে তার বাবা রাহিম উদ্দিন বামন্দীর দিকে যাচ্ছিল। পথিমধ্যে চোখতলার নতুন নির্মাণ করা উঁচু রাস্তা থেকে নিচের দিকে নামার সময় বেবী অসাবধানতাবশত মোটরসাইকেলের পেছন থেকে ইটের ওপর পড়ে মাথার পিছনের অংশে গুরুতর জখম হয়।

ঘটনাটি চোখের সামনে ঘটতে দেখে তার বাবাও সাময়িকভাবে জ্ঞান হারিয়ে ফেলে। এ সময় স্থানীয়রা বাবা-মেয়েকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। প্রাথমিক চিকিৎসা দেওয়ার সময়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে তার মৃত্যু হয়। তবে তার বাবা কোনও আঘাত পাননি।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, সড়ক দুর্ঘটনায় এক তরুণীর মৃত্যুর সংবাদ পেয়েছি, ঘটনাস্থলে পুলিশের একটি দল পাঠানো হয়েছে।

আলমডাঙ্গার নাগদাহ ইউপি নির্বাচনে সহিংসতায় আহত কর্মী মৃত্যু, প্রতিবাদ সমাবেশ

আলমডাঙ্গার নাগদাহ ইউনিয়ন পরিষদ নির্বাচনের সহিংসতার ঘটনায় দু’পক্ষের সংঘর্ষে আহত নৌকা সমর্থনকারী দবির আলীর মৃত্যু হয়েছে। চিকিৎসার ১৩ দিনপর শুক্রবার (২৪ মার্চ) সকাল ১০ টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। মৃত

নিহতের ছেলে। নিহতের পরিবার হত্যা মামলা দায়ের করলে আমরা গ্রহন করব।

উল্লেখ্য, বৃহস্পতিবার (১৬ মার্চ) অনুষ্ঠিত নাগদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে আওয়ামী লীগের ‘বিদ্রোহী’ প্রার্থী ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার চশমা প্রতীক নিয়ে ৪ হাজার ৮০ ভোট পেয়ে বেসরকারি ভাবে বিজয়ী হয়েছেন।

দর্শনায় মায়ের উপর অভিমান করে যুবকের মৃত্যু

চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার ছোট শলুয়া গ্রামে মায়ের উপর অভিমান করে ঘাসমারা বিষখেয়ে মফিজুল ইসলাম (২৮) মর্মান্তিক মৃত্যু হয়েছে। সে তিতুদহ ইউনিয়নের ছোটশলুয়া ফার্ম পাড়ার রহিম মিয়ার ছেলে।

ঘটনার বিবরনে জানাগেছে গত ২৫ ফেব্রুয়ারী মায়ের উপর অভিমান করে সবার অজান্তে জমিতে দেওয়া ঘাষমারা বিষপান করে।পরে বাড়ির লোকজন জানতে পেরে সাথে সাথে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়।কর্তবরত ডাক্টার চিকিৎসা দেওয়ার পর কিছুটা সুস্থ হয়ে ওঠে। ঘটনার ১১ দিনপর মঙ্গলবার ৭ মার্চ রাত ১ টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্য হয়। তার মৃত্যর খবর গ্রামে পৌছালে নেমে আসে শোকের ছায়া।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির বলেন কারো অভিযোগ না থাকায় পরিবারের জিম্মায় দিয়ে দেওয়া হয়েছে।তবে এঘটনায় দর্শনা থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

কোটচাঁদপুরে গাছ কাটা শ্রমিকের মৃত্যু

গাছ থেকে পড়ে গিয়ে রফিকুল ইসলাম (৫০) নামের এক গাছ কাটা শ্রমিকের মৃত্যু হয়েছে। আজ বুধবার কোটচাঁদপুরের চাঁদপাড়া মাঠে ঘটনাটি ঘটেছে । সে কোটচাঁদপুরের এলাঙ্গী গ্রামের মৃত রুস্তম দফাদারের ছেলে।

মৃতের চাচাত ভাই রকিব উদ্দিন জানান, রফিকুল ইসলাম গাছ কাটার কাজ করেন। বুধবার সকালে বাড়ি থেকে বের হয়ে চাঁদপাড়ার মাঠে গাছ কাটতে যায়। এরপর সে গাছে উঠে ডাল কাটছিল। এ সময় রফিকুল ইসলাম গাছের ডাল ভেঙ্গে নিচে পড়ে যায়। এতে করে সে গুরুতর আহত হয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। এ সময় স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে তাকে যশোর হাসপাতালে রেফার্ড করেন।

এরপর তাঁর স্বজনরা তাকে যশোর হাসপাতালে নেওয়ার পথে রফিকুল ইসলাম মারা যায়। সে পেশায় ছিলেন গাছ কাটার শ্রমিক।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) ইদ্রিস আলী বলেন, ঘটনাটি তো গ্রাম এলাকার। কেউ আমাদের এ বিষয়টি জানাননি।

ডা.এস এ মালেকের মৃত্যুতে ঝিনাইদহ বঙ্গবন্ধু পরিষদের স্মরণ সভা

বঙ্গবন্ধু পরিষদের কেন্দ্রীয় সভাপতি ও বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য বীর মুক্তিযোদ্ধা বঙ্গবন্ধু পরিষদের প্রাণশক্তি ডা. এস এ মালেকের মৃত্যুতে ঝিনাইদহে বঙ্গবন্ধু

পরিষদের উদ্যোগে স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে বঙ্গবন্ধু পরিষদ ঝিনাইদহ জেলা শাখার আয়োজনে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এই স্মরণ সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক, ঝিনাইদহ পৌরসভার সাবেক মেয়র জননেতা সাইদুল করিম মিন্টু।

ঝিনাইদহ জেলা বঙ্গবন্ধু পরিষদের সভাপতি প্রফেসর ডক্টর এ.এইচ.এম আকতারুল ইলামের সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া মাহফিলে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু পরিষদের কেন্দ্রীয় কমিটির সম্মানিত সদস্য অধ্যাপক আবেদ আলী।

এছাড়াও আরো উপস্থিত ছিলেন, ঝিনাইদহ পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বিশ্বাস, জেলা বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক মোঃ হাফিজুর রহমান, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের যুব ও ক্রীড়া সম্পাদক ও সরকারি কৌশুলি (জি. পি) অ্যাড. বিকাশ কুমার ঘোষ, জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহামুদ জন, ঝিনাইদহ পৌর আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক কাজী কামাল আহমেদ বাবু ও জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল ইমরান প্রমূখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাহিত্য সম্পাদক ও বঙ্গবন্ধু পরিষদ, ঝিনাইদহ জেলা শাখার যুগ্ম-সাধারণ সম্পাদক পিন্টু লাল দত্ত। আলোচনা শোষ মিলাদ ও দোয়া পরিচালনা করেন জামে মসজিদের ইমাম।

প্রধান অতিথির বক্তব্যে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু বলেন, বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনের পুরোধা ব্যক্তিত্ব, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক সহযোদ্ধা এবং তাঁর আদর্শ ও সততার ধারক ও বাহক, মুক্তিযুদ্ধের সংগঠক বীর মুক্তিযোদ্ধা ডা. এস এ মালেকের মৃত্যুতে দেশের রাজনৈতিক অঙ্গন তো বটেই, দেশের বুদ্ধিবৃত্তিক চর্চা এবং বঙ্গবন্ধুর আদর্শ প্রসার ও বিস্তারের অঙ্গনে এক অপূরণীয় ক্ষতি হয়েছে।

বক্তারা, বঙ্গবন্ধু পরিষদ-ঝিনাইদহ জেলার অগ্রযাত্রা ও কার্যক্রমে মহান ব্যক্তিত্ব ডা. এস এ মালেকের প্রত্যক্ষ ও পরোক্ষ অবদানকে আজকের এই স্মরণসভায় শ্রদ্ধাভরে স্মরণ করেছেন।

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted]

[redacted]

[redacted]

তখন লোকনাথপুর স্কুলের নাইট গার্ড আশরাফুল ও একই গ্রামের নবম শ্রেণীর ছাত্র সিজান গুরুতর আহত হয়। বেশ কয়েক সপ্তাহ চিকিৎসাধীন অবস্থায় আশরাফুল মৃত্যু বরণ করলো। এভাবে মেন রাস্তায় গাড়ির আসল ড্রাইভার এবং গাড়ির মালিক থাকা অবস্থায় কিভাবে একজন নাবালক ছেলেকে গাড়ি চালাতে দিল। এলাকাবাসী আরও জানান, মেন রাস্তায় এসব অবৈধ গাড়ি যেন না চলে এবং গাড়ি গুলো যেন কোন অবস্থাতেই নাবালক ড্রাইভারদের হাতে দেওয়া না হয় সে বিষয়ে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন।

এবিষয়ে চালক সাব্বিরের পিতা রেজাউল বলেন, আমার ছেলেই গাড়ি চালাচ্ছিল।
রাস্তার উপর ছেলেপেলে হট্টগোল করছিল,আমরা মনে করেছিলাম সবাই সরে যাবে। কিন্তু কেউ রাস্তা থেকে সরেনি। যার কারনে দূর্ঘটনা ঘটে গেছে।

এবিষয়ে নিহত আশরাফুলের পিতা মুংলা বলেন, আমর ছেলে মারা গেছে এই ব্যাপারে আমার কারো উপর কোন অভিযোগ নেই।

রবিবার বাদ জোহর লোকনাথপুর ঈদগাহ ময়দানে জানাযা অনুষ্ঠিত হয় এবং লোকনাথ পুর কবরস্থানে দাফন কার্য সম্পন্ন হয়।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, বিষয়টি আমর জানানেই। অভিযোগ পেলে ব্যবস্থা গ্রহণ করা হবে।

গাংনীতে মৌমাছির কামড়ে একজনের মৃত্যু, আহত- ৪

মেহেরপুরের গাংনীর সাহারবাটি মাঠে শুক্রবার বেলা ১১টার দিকে মৌমাছির কামড়ে হায়দার আলী (৫৩) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। একই সাথে আহত হয়েছেন আরো ৪ জন। আহতদেরকে মেহেরপুর সদর হাসপাতাল ও গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। মৃত হায়দার আলী সাহারবাটি গ্রামের তাহাজ উদ্দীনের ছেলে।

আহতরা হচ্ছেন- একই গ্রামের আছেদ আলীর ছেলে ফজলু(৪০), হায়দার আলীর ছেলে মাসুম(১৮), আনন্দ মণ্ডলের ছেলে হায়াত আলী(৬০) ও পঞ্জত আলীর ছেলে মোহাম্মদ আলী(৫৫)।

স্থানীয় ইউপি সদস্য আব্বাস আলী জানান, সাহারবাটি মাঠের একটি গাছে মৌমাছি বাসা বেঁধেছিল। হঠাৎ একটি বাজপাখি তাতে হানা দিলে মৌমাছিরা এদিক ওদিক ছুটতে থাকে। এসময় মাঠে কর্মরত লোকজনের উপর আক্রমন শুরু করে। মৌমাছির হুলে আহত হন হায়দার আলী, ফজলু, মাসুম, হায়াত আলী ও মোহাম্মদ আলী। ঘটনাস্থলেই মারা যান হায়দার আলী। অন্যান্যদেরকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণ করা হয়।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক আবীর হাসান জানান, মৌমাছির হুলে আহত তিনজন আশংকামুক্ত। মোহাম্মদ আলী নামের একজনের অবস্থা গুরুতর হওয়ায় তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে প্রেরণ করা হয়েছে।

কোটচাঁদপুরে বিষপানে কিশোর আব্দুল গণি মৃত্যু

বিষপানের ১২ দিন পর মৃত্যুর কোলে ঢলে পড়লেন আব্দুল গণি(১৫)। শুক্রবার সকালে কোটচাঁদপুরের সাবদারপুর নিজ বাড়িতেই মারা যায় সে।

মৃতের বড় ভাই আরজু রহমান বলেন,আমার কাছে মোবাইল কিনে দেওয়ার কথা বলে। আমি তাঁর কাছে ১০ দিনের সময় চেয়ে নিই। এরমধ্যে গেল ৭ নভেম্বর ঘাস পোড়া বিষপান পান করেন আব্দুল গনি (১৫)। জানতে পেরে তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

৩ দিন চিকিৎসার পর,তাকে যশোর আড়াইশ শয্য হাসপাতালে রেফার্ড করেন কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক। পরে গনিকে চিকিৎসা করিয়ে বাড়িতে আনা হয়। এরপর আরো একটু উন্নত চিকিৎসার জন্য, তাকে রাজশাহী মেডিকেলে নিয়ে গিয়ে ডাক্তার দেখিয় বাড়ি এনে

রাখি। বৃহস্পতিবার ভোর অবস্থা খারাপ হয়ে যায়। শুক্রবার সকাল ৭ টার সময় সে মারা যায়।

আব্দুল গণি কোটচাঁদপুর উপজেলার সাবদারপুর স্টেশন পাড়ার মৃত আব্দুর রহমানের ছেলে। বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার সাবদারপুর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) ফিরোজ ইকবাল বলেন,মৃতের সুরত হাল করে, লাশ ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠানো হয়েছে। কোটচাঁদপুর থানায় এ সংক্রান্ত অপমৃত্যুর মামলা হয়েছে।

গাংনীর দুটি মাধ্যমিক বিদ্যালয়ের দুই সিনিয়র শিক্ষকের মৃত্যু

গাংনী উপজেলার হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের বিএসসি শিক্ষক মোঃ মেহেদী হাসান ও গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাসিমা খাতুন একই দিনে মারা গেছেন। (ইন্নালিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন)

মঙ্গলবার (১৫ নভেম্বর)ঢাকার একটি বেসরকারি হাসপাতালে হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ মেহেদী মাষ্টার সকাল ৬টায় ইন্তেকাল এবং গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাসিমা খাতুন এনাম মেডিকেল কলেজ হাসপাতালে (আইসিইউ) তে চিকিৎসাধীন অবস্হায় মারা যান ভোর রাতের দিকে।

বিএসসি শিক্ষক মেহেদী হাসান গাংনী উপজেলার হাড়াভাঙ্গা ছাদীমান মৌলানা পাড়া (বর্তমানে গাংনীতে বসবাসরত) এবং গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাসিমা খাতুন তার নিজ গ্রাম গাঁড়াডোব গ্রামে বসবাস করতেন।

দুই শিক্ষকের মৃত্যুতে গাংনী উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শোক প্রকাশ করেছেন, এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন।